

রাবিতে জালিয়াতি করে ভর্তি হতে এসে আটক এক শিক্ষার্থী

নিজস্ব সংবাদদাতা, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:১৯, ২৭ জুলাই ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ফার্মেসি বিভাগে জালিয়াতি করে ভর্তি হতে আসা এক শিক্ষার্থীকে আটক করা হয়েছে। রবিবার (২৭ জুলাই) বিকেলে ভর্তি হতে গেলে বিভাগের সভাপতির স্বাক্ষর জালিয়াতির বিষয়টি সামনে এলে তাকে প্রক্টর অফিসে নেওয়া হয়। পরে তাকে জিজ্ঞাসাবাদ শেষে পুলিশে দেওয়া হয়।

আটককৃত শিক্ষার্থীর নাম মো. আব্দুল্লাহ আল ইমরান। গ্রামের
বাড়ি রংপুর । সে রংপুর সেন্টারে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে
এবং ২২ নাম্বার পেয়েছিলো ।

অভিযুক্ত জানায়, সে রংপুরেরই রাহী নামের একজনের সাথে দেড় লাখ টাকায় ভর্তি চুক্তি করে। এছাড়াও তার আরও এক বান্ধবীর সাথে প্রায় ১ লাখ টাকার চুক্তি হয়। এছাড়াও আজকে ভর্তি হওয়ার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন তাকে রিসিভ করার কথা থাকলেও সে আসেনি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, গত দুই তিন আগে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে ভর্তি হতে আসলে ফর্মে সভাপতির স্বাক্ষর দেখে তাদের সন্দেহ হয়। বিষয়টি জানতে পেরে আমি তাদের বলি এরপর ওই শিক্ষার্থীরা আসলে প্রক্টর অফিসকে জানাতে। আজকে ইমরান নামের একজন ভর্তি হতে আসলে আমরা জানতে পেরে তাকে জিজ্ঞাসাবাদের জন্য প্রক্টর অফিসে নিয়ে আসি। সে সব কিছু স্বীকার করেছে। আমরা তাকে পুলিশের হাতে সোপর্দ করে দিচ্ছি, এ বিষয়ে পুলিশ আইনগত ব্যবস্থা নিবে।

মতিহার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল মালেক বলেন, অভিযুক্তকে কিছুক্ষণ আগে থানায় নিয়ে আসা হয়েছে। এ বিষয়ে মামলা প্রক্রিয়াধীন আছে।